

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.৩২.০০৬.১৪ - ০৬২

তারিখ : ২১/০১/২০১৮খ্রিঃ।

বিষয় : চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রসঙ্গে।

সূত্র : ০৮/০১/২০১৮খ্রিঃ তারিখে স্বাক্ষরিত আবেদনের প্রেক্ষিতে।

নির্দেশিত হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) সৈয়দ জাকারিয়া (বর্তমানে সংযুক্তিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকায় কর্মরত), দীর্ঘ ০২(দুই) বছরের বেশী সময় ধরে প্রোস্টেজ গ্রন্থীর সমস্যা জনিত রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন আছেন। চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য তিনি অনেক ঋন করেছেন। বর্তমানে উক্ত রোগ প্রকট আকার ধারণ করায় চিকিৎসক অপারেশনের পরামর্শ দিয়েছেন। অপারেশনের জন্য আনুমানিক ১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন হবে। এ বিপুল পরিমাণ টাকার ব্যয়ভার তাঁর একার পক্ষে নির্বাহ করা সম্ভব নয় বিধায় তিনি আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন।

সে প্রেক্ষিতে তাঁর সু-চিকিৎসার জন্য অর্থ সহায়তায় আপনার প্রতিষ্ঠানে অধিনস্থ সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে বিষয়টি অবহিত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। নিম্নে তাঁর হিসাব নম্বর দেয়া হল।

সৈয়দ জাকারিয়া
হিসাব নম্বর-০১২৪৮০১০১৩৬০৮
সোনালী ব্যাংক
তেজগাঁও শিল্প এলাকা শাখা, ঢাকা-১২০৮

(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক-৩
এর রুটিন দায়িত্ব
ফোন-০২-৮১৮১২২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক(প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইইউ/পিআইডবিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। প্রকল্প পরিচালক, স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট/ ১০০টি উপজেলায় টেকনিক্যাল স্কুল স্থাপন প্রকল্প/ বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প।
- ৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/.....পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা।
- ৪। অধ্যক্ষ, ভিটিটিআই/.....টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
- ৫। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৭। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৮। সৈয়দ জাকারিয়া, ক্রাফট ইন্সট্রাক্টর (সপ), সংযুক্তিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল, ঢাকা।
- ৯। নথি।

কারিগরি শিক্ষা অধিদপ্তর	
মহাপরিচালকের দপ্তর	
পরিচালক	
প্রোগ্রাম	✓
ডায়েরী নং	
সংখ্যা ও উন্নয়ন	
পি.আই.ইউ	
পি.আই.ভি.ইউ	
মহাপরিচালক	
তারিখ: ০৬/০১/২০১৮	

বরাবর

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

বিষয় : চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রসঙ্গে।

মহোদয়,

সবিনয় বিনীত নিবেদন এই যে আমি নিম্নস্বাক্ষরকারী অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের দপ্তরে কর্মরত আছি। দীর্ঘ ০২(দুই) বছরেরও বেশী সময় ধরে আমি প্রোস্টেজ গ্রন্থীর সমস্যা জনিত রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা করে আসছি। চিকিৎসার ব্যয় নির্বাহ করতে এ পর্যন্ত অনেক ঋন করে আসছি। বর্তমানে প্রোস্টেজ গ্রন্থীর সমস্যা প্রকট আকার ধারণ করায় চিকিৎসকগণ অপারেশন এর জন্য বলেছেন। অপারেশনের জন্য আনুমানিক ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। অপারেশন এ বিপুল ব্যয় ভার আমার একার পক্ষে নির্বাহ করা সম্ভব নয় বিধায় আমার সুষ্ঠু চিকিৎসার জন্য আর্থিক সাহায্য খুব প্রয়োজন।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট বিনীত আবেদন এই যে, আমার অপারেশন এর জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সাহায্য সহায়তা প্রদানের ব্যবস্থা করতে মহোদয়ের একান্ত মর্জি হয়।

তারিখ : ০৮/০১/২০১৮ খ্রিঃ।

বিনীত নিবেদক

S. M. H.
(সৈয়দ জাকারিয়া)

ক্রাফট ইন্সট্রাক্টর

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

Put up
Summit

৭৯
২০/০১/১৮

১৫০২/০১/১৮
৭৯